দৈনিক সংবাদ

FEB. 1 4 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১০ কলাম ২

# সিডিএল অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠন

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, যারা গণউন্নয়ন গ্রন্থাগারের (সিডিএল) ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণ করেছে তাদের একটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন গঠনকল্পে গতকাল বুধবার এক সভা অনুষ্ঠিত হয়। সিডিএল নিজস্ব মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ড. এস. এম মান্নান, অধ্যাপক, তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি ছিলেন মনজুরুল আহসান বুলবুল, প্রধান বার্তা সম্পাদক, একুশে টেলিভিশন। ইন্টার্নিদের পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং কর্মক্ষেত্রে নেটওয়ার্ক সৃষ্টির মুখ্য উদ্দেশ্য নিয়ে গঠিত এই অ্যালামনাই অ্যাসোসিয়েশনে সকল অংশগ্রহণকারী বক্তব্য রাখেন ও মতবিনিময় করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ড. আবদুর সাত্তার, প্রধান গ্রন্থাগারিক ভিকারুন নিসা বিশ্ববিদ্যালয়; ড. মির্জা মো. রেজাউল ইসলাম, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান, বিসিএসআইআর। ড. মুস্তাফিজুর রহমান, গ্রন্থাগারিক পিআইবি; মিনহাজ উদ্দিন আহমেদ, গ্রন্থাগারিক, সমাজকল্যাণ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। মোশাররফ হোসেন, উপগ্রন্থাগারিক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সিডিএল-এর নির্বাহী পরিষদের কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুস সালাম ও সদস্য খ ম আবদুল আউয়াল আবদুল, হাই সামেনী, সহকারী লাইব্রেরিয়ান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট; তামজিদুর রহমান, ডেভেলপমেন্ট কনসালটেন্ট; মো. মনিরুজ্জামান, রেফারেন্স লাইব্রেরিয়ান, ইউনিক; এ. কে. এম মফিজুর রহমান, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সিডিএল; মেজবাহ-উল-ইসলাম, প্রভাষক, রাজশাহী বিশ্ববিদ্যালয় ও গাউসুল হক শরীফ, সহগ্রন্থাগারিক, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, হারুন-উর-রশীদ, পরিচালক, সিডিএল।